রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১৪, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

শাখা-১৭

প্রজ্ঞাপন

তারিখ, ২৬শে জ্যৈষ্ঠ ১৪০৫/৯ই জুন ১৯৯৮

এস, আর, ও, নং ১০২-আইন/৯৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরনাম।—এই বিধিমালা মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনষ্টিটিউট এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) ''কমিশন'' অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) ''তফসিল'' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;

(গ) ''নিয়োগকারী কর্তৃপক্ষ'' অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ;

(ঘ) ''পদ'' অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ ;

(ঙ) ''প্রয়োজনীয় যোগ্যতা'' অর্থ সংশ্লিষ্ট পদের জন্য উল্লিখিত যোগ্যতা ;

(চ) ''শিক্ষানবিস'' অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি,

(ছ) ''স্বীকৃত বিশ্ববিদ্যালয়'' বা ''স্বীকৃত বোর্ড'' বা ''স্বীকৃত ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠান'' অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত যথাক্রমে কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠান বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড বা ইনষ্টিটিউট বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য : টাকা ৪.০০

৩। নিয়োগ পদ্ধতি।—১১ তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোটা সংক্রান্ত সরকারী নির্দেশাবলী সাপেক্ষে কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ;

(২) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃসীমার মধ্যে না হয় :

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন পদে এডহক ভিত্তিতে ইতিপূর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিস, যদি থাকে, যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে, কমিশনের সুপারিশ প্রয়োজন হইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এক বা একাধিক বারে এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্ম দক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিলনা, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। রহিতকরণ।—The officers and employees (Soil Resources and Development Institute Recruitment Rules, 1984 এতদ্বারা রহিত করা হইল।

তফসিল

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | .. | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির জন্য :<br>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সহ সংশ্লিষ্ট চাকুরীতে ১৭ (সতের) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | .. | পদোন্নতির মাধ্যমে | পদোন্নতির জন্য :<br>ঊর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট চাকুরীতে ১৪ (চৌদ্দ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৩ | ঊর্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা | অনূর্ধ ৪০ (চল্লিশ) বৎসর। | পদোন্নতির মাধ্যমে, পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>বৈজ্ঞানিক কর্মকর্তা পদে ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৃত্তিকা বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা মৃত্তিকা বিজ্ঞানে ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা মৃত্তিকা বিজ্ঞানসহ কৃষিতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কৃষি রসায়নসহ কৃষিতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৭ (সাত) বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | বৈজ্ঞানিক কর্মকর্তা | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | (ক) ১০% গবেষণা সহকারী-গণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে এবং;<br><br>(খ) ৯০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>গবেষণা সহকারী পদে ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের জন্য :<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৃত্তিকা বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা মৃত্তিকা বিজ্ঞানে ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা মৃত্তিকা বিজ্ঞানসহ কৃষিতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা কৃষি রসায়নসহ কৃষিতে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br><br>অথবা<br><br>(খ) কৃষিতে ২য় শ্রেণীর বিএসসি (এজি) ডিগ্রী। |
| ৫ | মানচিত্রাংকনবিদ | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>সহকারী মানচিত্রাংকনবিদ পদে ১০ (দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোলে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। মানচিত্রাংকন কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬ | পাবলিকেশন এণ্ড লিয়াজোঁ অফিসার | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞানে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। প্রকাশনা ও গণসংযোগ কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭ | সহকারী পরিচালক | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে, সরাসরি নিয়োগের মাধ্যমে | পদোন্নতির জন্য :<br>প্রশাসনিক কর্মকর্তা পদে ন্যূনতম ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮ | প্রশাসনিক কর্মকর্তা | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে, পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>অফিস তত্ত্বাবধায়ক/সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা পদে ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ২য় বিভাগে স্নাতক ডিগ্রীসহ অফিস ব্যবস্থাপনার কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | গবেষণা সহকারী | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মৃত্তিকা বিজ্ঞানে ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। প্রার্থীর রেজিস্ট্রেশন থাকিতে হইবে। |
| ১০ | ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান | অনূর্ধ (ত্রিশ) বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত পলিটেকনিক ইনষ্টিটিউট হইতে ইলেট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | অফিস তত্ত্বাবধায়ক | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিল যোগ্য। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>উচ্চমান সহকারী/উচ্চমান সহকারী-কাম-হিসাব রক্ষক/সহকারী ষ্টোর অফিসার/সাটলিপিকার পদে ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিস সংস্থাপন কাজে ন্যূনপক্ষে ৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১২ | সহকারী মানচিত্রাংকনবিদ | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির মাধ্যমে :<br>ড্রাফটসম্যান পদে ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোলসহ স্নাতক ডিগ্রী। মানচিত্রাংকন কাজে অভিজ্ঞ প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৩ | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>হিসাব রক্ষক/হিসাব সহকারী/উচ্চমান সহকারী-কাম-হিসাবরক্ষক/উচ্চমানসহকারী পদে ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে ন্যূনপক্ষে ২য় বিভাগে স্নাতক ডিগ্রী এবং হিসাব পরিচালনা কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪ | ড্রাফটসম্যান | অনূর্ধ ৩০ (ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ট্রেসার পদে ন্যূনপক্ষে ৭ (সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের জন্য : বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ড্রাফটসম্যানশীপ অথবা সার্ভের উপর কোন স্বীকৃত কারিগরী ইনষ্টিটিউট হইতে সার্টিফিকেট প্রাপ্ত মানচিত্রাংকন কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৫ | সাঁটলিপিকার | সরকার কর্তৃক প্রণীত সাঁটলিপিকার পদের নিয়োগ বিধি অনুযায়ী। | | |
| ১৬ | হিসাবরক্ষক | .. | হিসাব সহকারীগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদ পরিবর্তন দ্বারা বদলীর মাধ্যমে। | পদ পরিবর্তনের জন্য : হিসাব সহকারীগণের মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে বদলীর মাধ্যমে। |
| ১৭ | হিসাব সহকারী | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ক্যাশিয়ার পদে ন্যূনপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ হিসাবরক্ষক কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | সহকারী ষ্টোর অফিসার | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ষ্টোরকিপার পদে ৫ (পাঁচ) বৎসরে[illegible]কুরীর অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ ষ্টোর পরিচালনার কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৯ | উচ্চমান সহকারী-কাম-হিসাব রক্ষক | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : অফিস সহকারী-কাম মুদ্রাক্ষরিক/ফিল্ড এ্যাসিষ্ট্যান্ট পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ২০ | উচ্চমান সহকারী | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতি-যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক/ফিল্ড এ্যাসি-ষ্ট্যান্ট পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br><br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে ৩ (তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ২১ | সাঁট-মুদ্রাক্ষরিক | সরকার কর্তৃক প্রণীত সাঁট-মুদ্রাক্ষরিক পদের নিয়োগবিধি অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২২ | মেকানিক | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত কারিগরী ইনষ্টিটিউট হইতে অটোমোবাইল মেকানিজমে ট্রেড কোর্স পাস। বৈধ লাইসেন্সসহ মটর গাড়ী চালনা এবং মেরামতের কাজে ন্যুনপক্ষে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৩ | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | সরকার কর্তৃক প্রণীত অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদের নিয়োগবিধি অনুযায়ী। | | |
| ২৪ | ষ্টোরকিপার | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | (ক) ৫০% পর পদোন্নতির মাধ্যমে এবং<br>(খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>এমোনিয়া প্রিন্টার পদে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের শিক্ষাগত যোগ্যতা। ষ্টোর পরিচালনার কাজে ২(দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৫ | ড্রাইভার | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং<br>(খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ৪র্থ শ্রেণীর কর্মচারী হিসাবে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং প্রতিষ্ঠান কর্তৃক গৃহীতব্য ব্যবহারিক পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হইতে হইবে।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>৮ম শ্রেণী পাসসহ মটর ড্রাইভিং লাইসেন্স [illegible] মটর গাড়ী চালনায় ৩(তিন) বৎসরের অভি[illegible] |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | ও, বি, এম, অপারেটর | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর: অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | (ক) ৫০% পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং (খ) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ চতুর্থ শ্রেণীর কর্মচারী হিসেবে ন্যূনপক্ষে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা এবং প্রতিষ্ঠান কর্তৃক গৃহিতব্য ব্যবহারিক পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হইতে হইবে।<br>সরাসরি নিয়োগের জন্য : ৮ম শ্রেণী পাসসহ বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ অবশ্যই আউট বোট মেশিন (স্পীড বোট) ও মটরগাড়ী চালনোয় ন্যূনপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ২৭ | ফিল্ড এ্যাসিষ্ট্যান্ট | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | পদোন্নতির মাধ্যমে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ল্যাবরেটরী এ্যাসিষ্ট্যান্ট/লে-এ্যাসিষ্ট্যান্ট পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান অথবা কৃষি বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ মৃত্তিকা পরীক্ষা/কৃষি বিষয়ক মাঠ কর্মের বাস্তব অভিজ্ঞতা। |
| ২৮ | ক্যাশিয়ার | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় পাস। হিসাব ও ক্যাশ পরিচালনার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৯ | ট্রেসার | অনূর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাস অথবা বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা এবং কোন অনুমোদিত কারিগরী প্রতিষ্ঠান হইতে ন্যূনপক্ষে ৬(ছয়) মাসের ট্রেড কোর্স পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩০ | এমোনিয়া প্রিন্টার | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | (ক) ২৫% পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং<br>(খ) ৭৫% সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>ডুপ্লিকেটিং মেশিন অপারেটর পদে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাসসহ এমোনিয়া প্রিন্টিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩১ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>দপ্তরী/রেকর্ড সাপ্লায়ার পদে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাসসহ ডুপ্লিকেটিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা। |
| ৩২ | লে-এ্যাসিষ্ট্যান্ট | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য :<br>ফিল্ডম্যান পদে ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য :<br>কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাসসহ মৃত্তিকা পরীক্ষা/কৃষি বিষয়ক মাঠ কর্মের বাস্তব অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৩ | ল্যাবরেটরী এ্যাসিষ্টান্ট | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থীপাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ল্যাবরেটরী এটেনডেন্ট/ফিল্ডম্যান পদে ৭(সাত) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।] সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাসসহ গবেষণাগারের কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ৩৪ | দপ্তরী | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | পদোন্নতির মাধ্যমে; পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য : ফিল্ডম্যান পদে ৩(তিন)বৎসর অথবা এম এল এস এস পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাস। বই বাঁধাই কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৫ | রেকর্ড সাপ্লায়ার | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাস। নথিপত্র সংরক্ষণের কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৩৬ | ল্যাবরেটরী এটেনডেন্ট | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাস এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। |
| ৩৭ | ফিল্ডম্যান | অনুর্ধ ৩০ ত্রিশ, বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমানের পরীক্ষা পাস এবং কায়িক পরিশ্রম করিবার জন্য অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৮ | এম এল এস এস | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস। |
| ৩৯ | মালী | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস। বাগান পরিচর্যা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪০ | গার্ড | অনর্ধ ৩০(ত্রিশ) বৎসর; অবসরপ্রাপ্ত সামরিক, পুলিশ এবং আনসার বাহিনীর সদস্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস। শারীরিক যোগ্যতা সম্পন্ন অবসর প্রাপ্ত সামরিক, পুলিশ এবং আনসার বাহিনীর সদস্যগণকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪১ | সুইপার | অনুর্ধ ৩০(ত্রিশ) বৎসর। | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ৮ম শ্রেণী পাস। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল আলম

যুগ্ম-সচিব।

মোহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
বিমান বিহারী দাস, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।